



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/

তারিখ :

বিষয় : ব্যবসায় শিক্ষা শাখা, কম্পিউটার বিষয় ও কৃষি শিক্ষা বিষয় খোলার স্থায়ী অনুমতি প্রদান

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ ১১/-৫/৯৭/(অংশ)/৬৭৬(৭) শিক্ষা, তারিখ : ২৫-৮-৯৮ খ্রি.

খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শাঃ ৯/৬-৩/৯৮/(অংশ-১)/৬৪৫(৮) শিক্ষা, তারিখ : ০৬-৯-২০০১ খ্রি.

গ) উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা- এর স্মারক নং ৫২৭,৫২৬, তারিখ : ১৫-০৩-২০১৫ খ্রি. ও ৩৭৮, তারিখ ২২-০২-২০১৫ খ্রি.

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী নীতিমালার আলোকে ব্যবসায় শিক্ষা শাখা, কম্পিউটার শিক্ষা বিষয় ও কৃষি শিক্ষা বিষয় খোলার প্রাথমিক শর্তসমূহ পূরণ হওয়ায় নিম্নে আরোপিত শর্তে আপনার বিদ্যালয়ে ০১-০১-২০১৫ খ্রি. তারিখ হতে ৯ম শ্রেণিতে এবং ০১-০১-২০১৬ খ্রি. তারিখ হতে ১০ম শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখা, কম্পিউটার শিক্ষা বিষয় ও কৃষি শিক্ষা বিষয় স্থায়ীভাবে খোলার অনুমতি প্রদান করা হল-

শর্তাবলী

- ১। এমপিওভুক্ত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকৃত শিক্ষকের বেতন-ভাতা সরকারি বেতনক্রম অনুসারে বিদ্যালয় কর্তৃপক্ষ প্রদান করবে
- ২। ছাত্র/ছাত্রীদের প্রতিদিনের উপস্থিতিসহ বিদ্যালয়ের সকল তথ্য ওয়েবসাইটে প্রদান করতে হবে
- ৩। বিদ্যালয়ের পাঠাগারে ব্যবসায় শিক্ষা বিষয়ক বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে
- ৪। বিদ্যালয়ের কৃষি শিক্ষা বিষয়ক শিক্ষককে সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করতে হবে
- ৫। বিদ্যালয়ের পাঠাগারে কৃষি বিষয়ক বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে
- ৬। বিদ্যালয়ে চতুর ফুল গাছ এবং ফলদ ও গুঁষধি বৃক্ষ দ্বারা সুসজ্জিত করতে হবে
- ৭। কম্পিউটার শিক্ষা বিষয়ক শিক্ষককে বিষয় ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে
- ৮। লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে

প্রধান শিক্ষক

বুড়িরডাবুর এস ই ডি পি মডেল মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : লাউডোবা, উপজেলা : দাকোপ,

জেলা : খুলনা

(মোল্লা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

মোবাইল-০১৭৩৩-২২২০০৫

স্মারক নং- বিঅ-৬/১১৩(৬)

তারিখ : ০২/০৬/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। জেলা শিক্ষা অফিসার, খুলনা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাকোপ, খুলনা
- ৮। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯। সংরক্ষণ নথি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর